# Times Today BD

মীর খায়রুল আলম | দেশজুড়ে | 29 May, 2025

মাঠে গরুর ধান খাওয়ার প্রতিবাদ করায় তালার হরিহরনগর গ্রামে ইট দিয়ে মাথায় আঘাত করে মোকছেদ মোড়ল (৭০) নামক এক বৃদ্ধ কৃষককে হত্যা করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। তিনি ওই গ্রামের মৃত ওমর আলী শেখ'র ছেলে। বুধবার (২৮ মে) বিকেলে তালা উপজেলার খেশরা ইউনিয়নের মুড়াগাছা গ্রামে হত্যার এঘটনা ঘটে।

খবর পেয়ে তালা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বৃদ্ধ কৃষকের লাশ উদ্ধার করেছে।

এলাকাবাসী জানান, মুড়াগাছা মাঠে মোকছেদ মোড়ল এর ধানের জমি থেকে প্রতিবেশী ছিদ্দিকের গরু এদিন ধান খেয়ে ফেলে।

এ ঘটনার প্রতিবাদ করায় সিদ্দিকের পরিবারের সাথে মোকছেদ মোড়লের ঝগড়া হয়। একপর্যায়ে সিদ্দিকের বাড়ির লোকজনসহ সিয়াম আক্তারুল সহ৪/৫জন মোকসেদ মোড়লের ওপর হামলা করে।হামলাকারীরা লাঠি দিয়ে পিটানো সহ ইট দিয়ে তার মাথায় আঘাত করলে ঘটনাস্থলে মোকছেদ মোড়লের মৃত্যু হয়।ঘটনার পরপরই হামলাকারীরা এলাকা থেকে পালিয়ে যায়।

এব্যপারে তালা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ শাহিনুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনার এখনও তদন্ত চলছে। এবিষয়ে কেউ এখনও আটক হয়নি এবং বৃদ্ধের লাশ ময়না তদন্তের জন্য উদ্ধার করা হয়েছে।

সাতক্ষীরা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:00

URL: https://www.timestodaybd.com/across-the-country/3099445863